FAX

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
লিগ্যাল সেকশন
www.police.gov.bd

স্মারক নং-৪৪.০১.০০০০.১১১.০২(এটি).০০৯.১৯-৩৮৯৮(১৭৮) তারিখ: ২৮ ভাদ্র, ১৪৩০ / ১২ সেপ্টেম্বর, ২০২৩

বিষয় ঃ বিভাগীয় মামলা/আপীল নিস্পত্তির ক্ষেত্রে অত্যাবশ্যকীয় করনীয়/বর্জনীয় বিষয় প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পুলিশে কর্মরত বিভিন্ন পর্যায়ের সদস্যদের বিরুদ্ধে স্ব-স্ব ইউনিট কর্তৃক নিস্পত্তিকৃত বিভাগীয় মামলায় প্রদত্ত সাজার বিরুদ্ধে প্রশাসনিক ট্রাইব্যুনাল/প্রশাসনিক আপীল ট্রাইব্যুনাল কিংবা মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগে লীভ টু আপীল দায়ের করা হয়ে থাকে। বিভাগীয় মামলায় প্রদত্ত সাজার বিরুদ্ধে প্রশাসনিক ট্রাইব্যুনাল কিংবা প্রশাসনিক আপীল ট্রাইব্যুনালে দায়েরকৃত যে সকল মামলায় প্রার্থী পক্ষে রায় হয় তার অধিকাংশই বিভাগীয় মামলায় পদ্ধতিগত ত্রুটি বিচ্যুতির কারণে হয়ে থাকে। ট্রাইব্যুনাল প্রদত্ত বিভিন্ন রায় পর্যালোচনা করে দেখা যায় যে, বাংলাদেশ পুলিশের বিভাগীয় শৃঙ্খলা সংশ্লিষ্ট বিভিন্ন আইন ও বিধিমালা যেমন পুলিশ আইন, পিআরবি, ডিএমপি বিধিমালা, আর্মড পুলিশ ব্যাটালিয়ন বিধিমালা, ১৯৯১, র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (কোর্ট পদ্ধতি ও বিভাগীয় কার্যধারা) বিধিমালা, ২০০৫, পুলিশ অফিসার্স (বিশেষ বিধান) অধ্যাদেশ ১৯৭৬, সরকারী কর্মচারী শৃংখলা ও আপীল বিধিমালা ২০১৮ প্রভৃতি আইন/বিধির বিধানসমূহ বিভাগীয় মামলা রুজু থেকে শুরু করে চূড়ান্ত নিস্পত্তির বিভিন্ন পর্যায়ে যথাযথভাবে প্রতিপালন না করার কারণে প্রশাসনিক ট্রাইব্যুনাল/আপীল ট্রাইব্যুনালে সরকারপক্ষের প্রতিকূলে রায় প্রচারিত হয়। বিভাগীয় মামলা রুজু থেকে শুরু করে চূড়ান্ত নিস্পত্তি পর্যন্ত আইন/বিধিতে উল্লেখিত পদ্ধতিগুলো যথাযথভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।

বিভাগীয় মামলা/আপীল নিস্পত্তির সময় নিম্নবর্ণিত নির্দেশনাগুলো অনুসরণ করতে হবেঃ-

১। এসআই/সার্জেন্ট/টিএসআইদের চাকরি হতে অপসারণ, বরখাস্ত, বাধ্যতামূলক অবসর এবং পদাবনতির আদেশ প্রদানের পূর্বে সরকারি কর্মকমিশন (PSC) এর সাথে পরামর্শ করতে হবে (The Bangladesh Public Service Commission (Consultation) Regulations, 1979 এর Regulation No.6)।

২। বিভাগীয় মামলায় পদাবনতি, বেতন বৃদ্ধি স্থগিত, বেতন ও ভাতা কর্তন, পদোন্নতি বন্ধকরণ, পদোন্নতি স্থগিত রাখা, নিম্নপদ বা নিম্ন বেতন গ্রেডে অবনমিতকরণ, বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ, বেতন বৃদ্ধি বাজেয়াপ্তকরণ, বেতন ও ভাতা বাজেয়াপ্তকরণ, জ্যেষ্ঠতা বাজেয়াপ্তকরণ শাস্তি প্রদানের আদেশে অবশ্যই কত সময়ের জন্য করা হয়েছে উহা নির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে। স্থায়ীভাবে কিংবা অনির্ধারিত সময়ের জন্য এরূপ শাস্তি প্রদান করা যায় না। (Fundamental Rules-29, Bangladesh Service Rules, Part-1 এর Rules-45, 52 এবং Police Regulations, 1943 এর Regulation-871)।

৩। প্রবেশনার সার্জেন্ট, সাব-ইন্সপেক্টর, অ্যাসিস্ট্যান্ট সাব-ইন্সপেক্টর, হেড কনস্টেবল, নায়েক, কনস্টবলদের বিরুদ্ধে শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণের ক্ষেত্রে বিভাগীয় মামলা রুজু না করে যথাক্রমে Police Regulations, 1943 এর Regulation-739, 741, 743, 745, 745(A) এবং 746 মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে কিন্তু বিভাগীয় ব্যবস্থায় শাস্তি প্রদানের পূর্বে আত্মপক্ষ সমর্থনের জন্য কারণ দর্শানোর নোটিশ দিতে হবে। [57DLR(2005) 302]

৪। পিআরবি'র অধীনে বিভাগীয় মামলার সকল কার্যক্রম বিপি ফরম নং-১৬৪ মোতাবেক গ্রহণ করতে হবে (Police Regulations, 1943 এর Regulation-861)।

৫। কোনো পুলিশ সদস্যেকে বলবৎ আইনে আদালত কর্তৃক শাস্তি প্রদান করা হলে তা বিভাগীয় মামলায় শাস্তি প্রদানে প্রভাব পড়বে না। আবার একই বিষয়ে আদালত কর্তৃক কোনো পুলিশ সদস্যকে সাজা বা খালাস প্রদান করা হলে উহা বিভাগীয় মামলায় সাজা প্রদানের ক্ষেত্রে কোনো প্রতিবন্ধকতা সৃষ্টি করবে না (Police Regulations, 1943 এর Regulation-862, 863 এবং সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি-২৫।

৬। তদন্ত কর্মকর্তার প্রতিবেদনের সাথে সাজা প্রদানকারী কর্তৃপক্ষ দ্বিমত পোষণ করলে সাজা প্রদানকারী কর্তৃপক্ষকে উহার সুস্পষ্ট কারণ উল্লেখ করতে হবে। [2MLR(AD) (1997)185]

চলমান পাতা-২

৭। চাকরি হতে Removal বা Dismissal এর ক্ষেত্রে Retrospectively Effected (ভূতাপেক্ষতা) দিয়ে Final Order বা চূড়ান্ত আদেশ দেয়া যাবে না। [44 DLR (AD)(1992)199]

৮। অভিযোগ পুনঃ তদন্ত বা অধিকতর তদন্তের ক্ষেত্রে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি-৬(২) অনুযায়ী পদক্ষেপ গ্রহণের ক্ষেত্রে বিধি-৭(৭) অনুসরণ করতে হবে।

৯। বিভাগীয় মামলা রুজুর পর অভিযোগ গঠন করতে হবে; মামলা রুজুর পূর্বে নয় (Police Regulations, 1943 এর Regulation-861)।

১০। অপরাধ সংঘটনকালে বলবৎ ছিল এইরূপ আইনে উল্লেখিত শাস্তির মধ্য হতে শাস্তি প্রদান করতে হবে। আইন কিংবা বিধিতে উল্লেখ নেই এমন কোন শাস্তি প্রদান করা যাবে না [গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ-৩৫(১)]

১১। নিয়োগকারী কর্তৃপক্ষ অপেক্ষা অধস্তন কর্মকর্তা অভিযুক্তকে বরখাস্ত, অপসারণ, পদাবনতি এবং বাধ্যতামূলক অবসর দন্ড প্রদান করতে পারবেন না। [গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ-১৩৫(১)]

১২। অভিযুক্তকে আত্মপক্ষ সমর্থন, সাফাই সাক্ষীর সাক্ষ্য প্রদান এবং সাক্ষীকে জেরা করার সুযোগ প্রদান করতে হবে। প্রাথমিক তদন্ত প্রতিবেদন এবং অভিযোগের কপি সরবরাহ করতে হবে (Police Regulations, 1943 এর Regulation-861)।

১৩। অভিযুক্তের বিরুদ্ধে অভিযোগ গঠনের সময় অভিযুক্তের পুরো নাম, বিপি নম্বর, পদবী, কর্মস্থল উল্লেখপূর্বক সুনির্দিষ্ট অপরাধ, অপরাধের সময়, তারিখ, স্থানের নাম এবং কোন বিধি/প্রবিধিতে অপরাধ করেছে তা উল্লেখ করতে হবে (Police Regulations, 1943 এর Regulation-861)।

১৪। চূড়ান্ত আদেশ প্রদানের পূর্বে অভিযুক্তকে অনুসন্ধানকারী কর্মকর্তার তদন্ত প্রতিবেদন (Findings) এর কপিসহ কারণ দর্শানো নোটিশ ইস্যু করতে হবে (Police Regulations, 1943 এর Regulation-861)।

১৫। নতুন বা সম্পূরক অভিযোগ আনয়ন করলে অভিযুক্তকে তার কপি সরবরাহ করতে হবে যাতে সে আত্মপক্ষ সমর্থনের সুযোগ পায়। [27 DLR (1975) 428]

১৬। চূড়ান্ত আদেশে কোন্ বিধির অধীনে অভিযোগ প্রমাণিত হয়েছে এবং কোন্ বিধির অধীনে সাজা প্রদান করা হয়েছে তা উল্লেখ করতে হবে (Police Regulations, 1943 এর Regulation-861)।

১৭। আইন এবং বিধি নির্ধারিত সময়ের মধ্যে অবশ্যই আপীল নিস্পত্তি করতে হবে।(Police Regulations, 1943 এর Regulation-883)।

১৮। অভিযোগের ধরণ ও গুরুত্ব বিবেচনাপূর্বক অভিযুক্তকে সাজা প্রদান কিংবা আপীল নিস্পত্তি করতে হবে (Police Regulations, 1943 এর Regulation-856)।

বর্নিত নির্দেশনাসমূহ অনুসরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মুর্শিদ আহাম্মেদ)
আইন কর্মকর্তা(অতিরিক্ত জেলা জজ)
পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।
ফোন ও ফ্যাক্স নং ঃ ০২-২২৩৩৮৭৩৫৯।
E-mail: lawofficer@police.gov.bd.

চলমান পাতা-৩

বিতরণ কার্যার্থে:-

(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে)

১। অ্যাডিশনাল আইজি (প্রশাসন), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।

২। পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা।

৩। অ্যাডিশনাল আইজি, এসবি, সিআইডি, পিবিআই, এন্টি টেরোরিজম ইউনিট, হাইওয়ে পুলিশ, রেলওয়ে পুলিশ, নৌ-পুলিশ, শিল্পাঞ্চল পুলিশ, এপিবিএন, পুলিশ টেলিকম সংস্থা ও টুরিস্ট পুলিশ, বাংলাদেশ পুলিশ, ঢাকা।

৪। প্রিন্সিপ্যাল, বাংলাদেশ পুলিশ একাডেমী, সারদা, রাজশাহী।

৫। রেক্টর, পুলিশ স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।

৬। মহা-পরিচালক (র‍্যাব), র‍্যাব ফোর্সেস সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।

৭। পুলিশ কমিশনার, সিএমপি/কেএমপি/আরএমপি/বিএমপি/জিএমপি ও আরপিএমপি।

৮। ডিআইজি (হেডকোয়ার্টার্স/প্রশাসন), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।

৯। ডিআইজি (সকল)-------------------------- রেঞ্জ, বাংলাদেশ পুলিশ।

১০। পরিচালক (ডিআইজি), কেন্দ্রীয় পুলিশ হাসপাতাল, রাজারবাগ, ঢাকা।

১১। ডিআইজি, এমআরটি পুলিশ, বাংলাদেশ পুলিশ, ঢাকা।

১২। কমান্ড্যান্ট, টিডিএস, ঢাকা/জামালপুর।

১৩। কমান্ড্যান্ট, পিটিসি (সকল) -----------------------------, বাংলাদেশ পুলিশ।

১৪। অ্যাডিশনাল ডিআইজি (হেডকোয়ার্টার্স/ডিঅ্যান্ডপিএস/পার্সোনাল ম্যানেজম্যান্ট-১), বাংলাদেশ পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।

১৫। কমান্ড্যান্ড, (সকল)........................., এপিবিএন, বাংলাদেশ পুলিশ।

১৬। কমান্ড্যান্ড, আরআরএফ (সকল) ---------------------, বাংলাদেশ পুলিশ।

১৭। কমান্ড্যান্ট, এসপিবিএন (সকল) -----------------------------, বাংলাদেশ পুলিশ।

১৮। কমান্ড্যান্ট, এপিবিএন ও এসটিসি, খাগড়াছড়ি।

১৯। কমান্ড্যান্ট, পিএসটিএস, বেতবুনিয়া, রাঙ্গামাটি।

২০। এআইজি (পার্সোনাল ম্যানেজম্যান্ট-২), বাংলাদে পুলিশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।

২১। পুলিশ সুপার (সকল)....................................... জেলা, রেলওয়ে ও হাইওয়েসহ।

২২। কমান্ড্যান্ট, ইন-সার্ভিস ট্রেনিং সেন্টার (সকল) ---------------------------, বাংলাদেশ পুলিশ।

২৩। পরিচালক, বাংলাদেশ পুলিশ মুক্তিযুদ্ধ জাদুঘর, রাজারবাগ, ঢাকা।

২৪। স্টাফ অফিসার/পিএস টু ইন্সপেক্টর জেনারেল, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা।

২৫। ইনচার্জ, অপারেশন কন্ট্রোলরুম, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা (পত্রটি সংশ্লিষ্ট জেলা/ইউনিটে প্রেরণপূর্বক ডায়রীভুক্ত করার জন্য)।